

## ইবিতে ছাত্রলীগ ছাত্রদল সংঘর্ষ

শিক্ষকসহ আহত ৮

### ■ ইবি প্রতিনিধি

মহান বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানে বিএনপিপন্থি শিক্ষকদের দিকে ইট-পাটকেন নিক্ষেপ করাকে কেন্দ্র করে সোমবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষ হয়েছে। এতে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ইকবাল হোসাইনসহ অন্তত ৮ জন আহত হয়েছেন। এ সময় কয়েকটি ককটেল বিস্ফোরণ, দুই রাউন্ড গুলিবর্ষণ ও ব্যাপক ভাংচুরের ঘটনা ঘটে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। সংঘর্ষের এক পর্যায়ে বিশ্ববিদ্যালয় পাখা ছাত্রলীগের আন্বয়িক শামীম খানসহ সংগঠনের নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে আশ্রয় নেন। সংঘর্ষের জন্য ছাত্রলীগ ও ছাত্রদল পরস্পরকে দায়ী করেছে।

বিজয় দিবস উপলক্ষে সকাল ৯টার প্রশাসন ভবনের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালি শেষে বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী সংগঠনের একাংশ এবং বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন মুক্তিযুদ্ধের স্মরণে ভাস্কর্য মুক্তবাংলায় পুষ্পস্তবক অর্পণ করে। ৯টা ৪০ মিনিটে শিক্ষক সমিতি জিয়া পরিষদ, ছাত্রদল ও তাদের সমর্থক কর্মকর্তা-কর্মচারীরা ফুল দেওয়ার জন্য মুক্তবাংলায় যান। এ সময় ছাত্রলীগ ও ছাত্রদলের নেতাকর্মীরা পরস্পরকে লক্ষ্য করে উত্তেজনাপূর্ণ শ্লোগান দিতে থাকে। এক পর্যায়ে ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী বিএনপিপন্থি শিক্ষকদের দিকে ইট-পাটকেন নিক্ষেপ করলে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ইকবাল হোসাইন, বাঘা টেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ড. আব্দুল কাদির আজাদ আহত হন। এ সময় ছাত্রলীগ ছাত্রদলকে ধাওয়া করে। পরে সংঘর্ষে ছাত্রলীগ-ছাত্রদলের ৫ জন নেতাকর্মী ও একজন কর্মচারী আহত হন।

■ পৃ. ১৭: ক. ৫ ● ছবি পৃষ্ঠা-২